

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬

নং-৪১.০২.০০০০.০০৬.০০.১২৭.২০১৭- ১১৪৪

১৭ কার্তিক ১৪২৪
০১ অক্টোবর ২০১৭

জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে প্রতিবন্ধিতা উত্তরণ মেলায় স্টল বরাদ্দের বিজ্ঞপ্তি :

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত 'আন্তর্জাতিক ও জাতীয় প্রতিবন্ধী দিবস, ২০১৭ উপলক্ষে আগামী ০৩-৭ ডিসেম্বর/২০১৭ পর্যন্ত ০৫(পাঁচ) দিনব্যাপী জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ক্যাম্পাসে মেলা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। যে সকল সংগঠন বা ব্যক্তিবর্গ প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে সরাসরি কার্যক্রম পরিচালনা করেন সে সকল সংগঠন বা ব্যক্তিবর্গের অনুকূলে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে স্টল বরাদ্দের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগামী ২০-১১-২০১৭ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত আহ্বায়ক, মেলা আয়োজক কমিটি, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬, বরাবরে আবেদন জমা দেয়া যাবে।

শর্তাবলী :

১. স্টল বরাদ্দ প্রাপ্তির যোগ্যতা :

- ১.১ রেজিস্ট্রার্ড সংগঠন যারা প্রতিবন্ধীদের নিয়ে সরাসরি কর্মরত সেসকল নিবন্ধিত সংগঠনকে স্টল বরাদ্দ দেয়ার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
- ১.২ প্রতিবন্ধী ব্যক্তিগণের সহায়তাকারী রেজিস্ট্রার্ড প্রতিষ্ঠান প্রতিবন্ধীগণের অথবা সাধারণের জন্য ব্যবহার্য সামগ্রী উৎপাদন/ বাজারজাতকরণ ইত্যাদি কাজে নিয়োজিত প্রতিষ্ঠানও আবেদন করতে পারবেন।
- ১.৩ বাণিজ্যিক ভিত্তিক কোন খাবারের স্টল বরাদ্দ দেয়া হবে না।
- ১.৪ মেলা চলাকালীন সার্বক্ষণিকভাবে স্টল বরাদ্দ প্রাপ্ত সংস্থার পক্ষে দায়িত্বশীল কর্মকর্তা / প্রতিনিধির অবস্থান নিশ্চিত করতে হবে।
- ১.৫ বরাদ্দ প্রাপ্ত স্টলে প্রদর্শন / বিক্রয় এর জন্য পর্যাপ্ত পরিমাণ পন্যসামগ্রীর সমাহার থাকতে হবে।
- ১.৬ স্টলের সজ্জিতকরণ এবং মেলা শেষে অপসারণের কাজ বরাদ্দ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করতে হবে।
- ১.৭ একটি সংগঠন একটি মাত্র স্টল বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন।

২. স্টলের আয়তন, রেজিস্ট্রেশন ও জামানত :

- ২.১ দৈর্ঘ্য ১০ ফুট এবং প্রস্থ ৮ ফুট আকারের ৩২টি স্টল বরাদ্দ দেয়া হবে (স্টল সংখ্যা কম-বেশী হতে পারে)।
- ২.২ স্টল বরাদ্দের আবেদনপত্র সংগ্রহের সময় রেজিস্ট্রেশন ফি বাবদ (অফেরৎযোগ্য) নগদ ৮০০.০০ (আটশত) টাকা, প্রতিটি স্টলের নির্মাণ খরচ বাবদ (অফেরৎযোগ্য) ১,৭০০ (এক হাজার সাতশত) টাকা এবং প্রতিটি স্টলের জন্য বরাদ্দ প্রাপককে ফেরতযোগ্য নগদ জামানত ২৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকাসহ সর্বমোট ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে চূড়ান্ত বরাদ্দপত্র গ্রহণ করতে হবে। আবেদনপত্র জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর ওয়েবসাইট (www.jpuf.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে। সেক্ষেত্রে তা জমা দেয়ার সময় শর্ত মোতাবেক নগদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা জমা দিতে হবে।

৩. স্টল বরাদ্দ প্রাপ্তির আবেদন ও দাখিলীয় কাগজপত্র :

- ৩.১ রেজিস্ট্রেশন সনদ (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত)
- ৩.২ ট্রেড লাইসেন্স (প্রয়োজ্য ক্ষেত্রে)
- ৩.৩ প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সমর্থনে সংক্ষিপ্ত পরিচিতি ও প্রমানক
- ৩.৪ মেলা চলাকালীন যে সকল জনবল নিয়োজিত থাকবে তাদের নাম ও ঠিকানা সম্বলিত তালিকা ও ফোন নম্বর।
- ৩.৫ স্টলে যে ধরণের বস্তু / বিষয় প্রদর্শিত / বিক্রয় হবে তার বিবরণ সম্বলিত তালিকা ও অঙ্গীকারনামা/ প্রত্যয়নপত্র।
- ৩.৬ প্রতিবন্ধীব্যক্তি বা সংগঠনের কার্যক্রমের পরিপন্থী কিংবা স্বাভাবিক সামাজিক মূল্যবোধের পরিপন্থী কোন কার্যকলাপে লিপ্ত হবেন না এই মর্মে অঙ্গীকার নামা।
৪. বরাদ্দ প্রাপ্তির জন্য যোগ্য ব্যক্তি/ প্রতিষ্ঠানকে লটারীর মাধ্যমে স্টল নম্বর বিতরণ করা হবে।
৫. স্টল বরাদ্দের সময় বিতরণকৃত বরাদ্দ সম্পর্কিত নীতিমালা অনুযায়ী মেলার যাবতীয় কার্যক্রম পরিচালিত হবে।
৬. স্টল বরাদ্দের ক্ষেত্রে মেলা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৭. মেলা চলাকালীন প্রতিদিনই উন্মুক্ত মঞ্চ সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রতিবন্ধী প্রতিভাবান শিল্পী ও দেশ বরণ্য ব্যক্তিগণের সমন্বয়ে পরিবেশনের ব্যবস্থা থাকবে।
৮. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ছাড়াই দাখিলকৃত আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোহা: মোমিনুর রহমান)
(যুগ্মসচিব)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফরম নং-----

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
ফ্যাক্সঃ ৮০৩৫০৫৩, ই-মেইলঃ jpu38@yahoo.com

আহ্বায়ক/ সভাপতি
মেলা আয়োজক কমিটি
প্রতিবন্ধিতা উত্তরণ মেলা/২০১৭

মহোদয়,

আগামী ০৩-৭ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ৫(পাঁচ) দিনব্যাপী অনুষ্ঠিতব্য প্রতিবন্ধিতা উত্তরণ মেলায় স্টল বরাদ্দ প্রাপ্তির জন্য নিম্নোক্ত তথ্যাদিসহ আবেদন জানাচ্ছিঃ

- ১। সংগঠনের নামঃ-----
- ২। সংগঠনের পূর্ণাঙ্গ ঠিকানাঃ -----
.....
ফোন/মোবাইল-----ফ্যাক্স-----ই-মেইল-----
- ৩। সংগঠনের পরিচিতি ও কার্যক্রম এর সংক্ষিপ্ত বিবরণ: -----
(প্রয়োজনে আলাদা কাগজে সীলমোহরসহ সংযুক্ত করা যেতে পারে)।
- ৪। মেলায় প্রদর্শনযোগ্য/বিক্রয়যোগ্য পণ্য সামগ্রীর নামের তালিকা সংযোজন (আলাদা কাগজে যতদূর সম্ভব)।
- ৫। নিম্নোক্ত প্রমাণক (সত্যায়িত ফটোকপি) পেশ করা হলোঃ
 - ৫.১ নিবন্ধন সনদপত্র
 - ৫.২ ট্রেড লাইসেন্স এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
 - ৫.৩ অফেরৎযোগ্য রেজিস্ট্রেশন ফি এর রশিদ।
 - ৫.৪ মেলার স্টলে অবস্থানকারী/দায়িত্ব পালনকারী/ব্যক্তির/জনবলের পূর্ণাঙ্গ নাম, ঠিকানা ফোন/মোবাইল নম্বর (তালিকা সংযুক্ত)।

৬। অঙ্গীকারনামা :

আমি -----পদবী-----হিসেবে সংস্থার পক্ষে এ মর্মে ঘোষণা করছি যে, এ আবেদনপত্রের সাথে দাখিলকৃত সমুদয় তথ্য/বিবরণ ও দলিলাদি সঠিক। এ ছাড়া মেলা কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত নীতিমালা ও শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ করবো।

তারিখঃ-----।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল